অস্ট্রেলিয়া-মালয়েশিয়া সফরে ঢাকা ছাড়লেন জামায়াত আমির



ছবি: সংগৃহীত

অস্ট্রেলিয়া ও মালয়েশিয়া সফরে ঢাকা ছেড়েছেন বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। শুক্রবার (২০ নভেম্বর) সকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে অস্ট্রেলিয়ার উদ্দেশে রওনা হন তিনি।

সফরের প্রথম তিন দিন অস্ট্রেলিয়ায় এবং পরবর্তী দুই দিন মালয়েশিয়ায় কাটাবেন জামায়াত আমির। দুই দেশেই সরকারের উচ্চপর্যায়ের প্রতিনিধিদের সঙ্গে তাঁর বৈঠকের সূচি রয়েছে। এ ছাড়া দেশ দুটিতে বসবাসরত প্রবাসী বাংলাদেশিদের উদ্যোগে আয়োজিত বিভিন্ন অনুষ্ঠানেও যোগ দেবেন তিনি।

সফর শেষে আগামী ২৬ নভেম্বর দেশে ফেরার কথা রয়েছে ডা. শফিকুর রহমানের।

বিমানবন্দরে তাঁকে বিদায় জানান জামায়াতের সেক্রেটারি জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার। এ সময় দলের সহকারী সেক্রেটারি জেনারেল রফিকুল ইসলাম ও এহসানুল মাহবুব জুবায়েরসহ শীর্ষ নেতারা উপস্থিত ছিলেন।

LENS ASIA